

কৃষ্ণনগরে ৪০ লক্ষ টাকায় তৈরি হচ্ছে অত্যাধুনিক পার্ক

অমিতকুমার ঘোষ



খোলা হাওয়া: তৈরি হচ্ছে কৃষ্ণনগর পুরসভার পার্ক। ছবি: প্রতিবেদক

কৃষ্ণনগর, ২৮ ডিসেম্বর— কৃষ্ণনগর শহরের যারা সকাল-সন্ধ্যায় হাটেন তাঁদের জন্য সুখবর। পুরসভা মূলত তাঁদের কথা ভেবেই সন্ধ্যাপাড়ার কাছেই কৃষ্ণনগর-মাজদিয়া সড়কে তৈরি করছে পার্ক। যারা হটিতে হটিতে ওই পথে যান তাঁরা এবার থেকে ওই পার্কে হটিতে বা একটু বসে বিশ্রাম নিতে পারবেন।

কৃষ্ণনগর শহরের পূর্বপ্রান্তে তিন নম্বর ওয়ার্ডে প্রতিভা ক্লাবের মাঠের পাশেই তৈরি হচ্ছে এই উদ্যান। কৃষ্ণনগর শহরে সুসজ্জিত উদ্যানের বড়ই অভাব। সেখানে এই উদ্যান অভাব পূরণ করবে অনেকটাই। শহরের পূর্ব দিকের মানুষরা সাধারণত সকাল বা সন্ধ্যায় টানা হটির জন্যে কৃষ্ণনগর-মাজদিয়া সড়ককে ব্যবহার করেন। এর কারণ এই রাস্তায় যানবাহন পাশের কৃষ্ণনগর-করিমপুর রাস্তার থেকে অনেক কম। সেই সব মানুষের এতে সুবিধা হবে। কৃষ্ণনগর পুরসভার চেয়ারম্যান অসীম সাহা জানিয়েছেন, 'মোট ৩০ কাঠা জমির ওপর এই পার্ক তৈরি করা হচ্ছে। খরচ পড়বে প্রায় ৪০ লাখ টাকা।' এই পার্কের দৃশ্য মনোরম করতে এক সুদৃশ্য ফোয়ারা নির্মাণ করা হচ্ছে। এ ছাড়া নানারকম ফুলের গাছ, শিশুদের জন্যে দোলনা-সহ নানা উপকরণ রাখা হবে। পার্কে থাকবে পর্যাপ্ত আলো। বেশ কয়েকটি মূর্তিও বসানো হবে। আর থাকবে বসার জন্যে জায়গা। হটির জন্যেও প্রচুর ফাঁকা জায়গা থাকবে। পার্কে যারা যাবেন তাঁরা প্রয়োজনে চা বা জলখাবার খেতেও পারেন। থাকছে ফুড প্লাজা। আর থাকবে শৌচাগার।

তিন নম্বর ওয়ার্ডের কাউন্সিলর গৌতম রায় জানিয়েছেন, 'এই পার্ক খুব সকালেই খুলে দেওয়া হবে। রাত আটটা পর্যন্ত খোলা থাকবে।' কৃষ্ণনগর শহরের দূষণ থেকে মনকে কিছুটা শান্তি দিতে, অস্ত্রিজেন একটু বেশি নিতে এই পার্ক কৃষ্ণনগরবাসীকে সাহায্য যে করবে তাতে সন্দেহ নেই। পার্কের কাজ শুরু হয়ে গেছে। কয়েক মাসেই পার্ক চালু করা যাবে বলে আশা করা হচ্ছে।

২০১৬-১৭

২০১৬-১৭ ২৯ মে ২০১৬

